

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পর্যটন-৩ শাখা
www.mocat.gov.bd

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০০০.০২৫.৯৯.০০০১.১৯- ৯৩৭

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২
০২ মার্চ ২০২৬

বিষয়: বর্তমান মধ্যপ্রাচ্যে পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ট্রাভেল এজেন্সি ও আকাশপথের যাত্রী সাধারণের জন্য নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মধ্যপ্রাচ্যে সৃষ্ট বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বাংলাদেশ থেকে ফ্লাইট সূচি পরিবর্তন, বিলম্ব বা বাতিল হওয়ার সম্ভাবনা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে, যাত্রীসেবা নিশ্চিতকরণ ও সমন্বিত ব্যবস্থাপনার লক্ষ্যে ট্রাভেল এজেন্সি ও আকাশপথের যাত্রী সাধারণের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

ট্রাভেল এজেন্সির জন্য নির্দেশনা:

১. সংশ্লিষ্ট এয়ারলাইনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে যাত্রীদের সঠিক ও আপডেট তথ্য প্রদান করতে হবে;
২. যাত্রীদের অপ্রয়োজনীয় বিভ্রান্তি এড়াতে যাচাইকৃত তথ্য ছাড়া কোনো তথ্য প্রচার করা যাবে না;
৩. রি-ইস্যু/Revalidation/রিফান্ড সংক্রান্ত বিষয়ে দ্রুত সহায়তা নিশ্চিত করতে হবে;
৪. ভিসা বা আকামা সংক্রান্ত সমস্যায় যাত্রীদের সংশ্লিষ্ট দূতাবাসের সাথে যোগাযোগের তথ্য সরবরাহ করতে হবে;
৫. অতিরিক্ত চার্জ আরোপ না করে মানবিক দৃষ্টিকোণ থেকে যাত্রীদের সহযোগিতা প্রদান করতে হবে;
৬. প্রয়োজনে ২৪/৭ জরুরি যোগাযোগ নম্বর চালু রাখতে হবে;
৭. দূতাবাস ও সংশ্লিষ্ট সরকারি সংস্থার সাথে সমন্বয় বজায় রাখতে হবে।

যাত্রীদের প্রতি বিশেষ অনুরোধ:

১. ধৈর্য ধারণ করুন এবং যাচাইকৃত তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করুন;
২. ভ্রমণ সংক্রান্ত সর্বশেষ তথ্যের জন্য সংশ্লিষ্ট এয়ারলাইন বা ট্রাভেল এজেন্টের সাথে যোগাযোগ রাখুন;
৩. ভিসা/আকামা সংক্রান্ত সমস্যায় দ্রুত সংশ্লিষ্ট দেশের দূতাবাসে যোগাযোগ করুন।

০৩। এমতাবস্থায়, ট্রাভেল এজেন্সি ও আকাশপথের যাত্রী সাধারণের জন্য বর্ণিত নির্দেশনা ব্যাপক প্রচার ও প্রতিপালনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রশাসক

এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব)
৩০/এ, নয়াপল্টন, সাতারা সেন্টার, ঢাকা।


মির্জা মুরাদ হাসান বেগ
উপসচিব

ফোন: ০২-৫৫১০০৮৩৯

dstourism3@ mocat.gov.bd

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০০০.০২৫.৯৯.০০০১.১৯- ৯৩৭/১(৭)

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২
০২ মার্চ ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (পর্যটন) অনুবিভাগ ও আপিল কর্তৃপক্ষ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা;
- ২। যুগ্মসচিব (পর্যটন-২ অধিশাখা) ও নিবন্ধন কর্তৃপক্ষ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা (OTAMS এ প্রকাশের অনুরোধসহ)
- ৩। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য);
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর অবগতির জন্য);
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর অবগতির জন্য);
- ৬। প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা; (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৭। নোটিশ বোর্ড/ অফিস কপি।


মির্জা মুরাদ হাসান বেগ
উপসচিব